শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১০১**

**তারিখ:** ১৯ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৪-১০-২০২১ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ....................................................................।

**স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১০১**

**তারিখ:** ১৯ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উসস অক্টোবর ২০২১

উপস্থিত উপদেষ্টা মন্ডলী :

১. জনাব মো: জাহিদুর রহমান জাহিদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য- ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক মেথর, পরিচ্ছন্ন পৌরসভা →
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান উপ: পরি: পীর →
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান উ: প: →
৫. জনাব মোছা: আরহিনা তারজীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১ →
৬. জনাব মোছা: নুরজাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ →
৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ →
৮. জনাব মোছা: তাজনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের দস্তখত :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ১৪-১০-২০২২

সময়: ১০-০০টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মো: মো: আব্দুর রহমান | [signature] |
| ২। | এস এম রফিকুল ইসলাম USSO | [signature] ১৪/১০/২২ |
| ৩। | মো: খালেদ মোশাররফ, SUFO | [signature] ১৪.১০.২২ |
| ৪। | মো: রাকিব হোসেন URDO | [signature] ১৪/১০/২২ |
| ৫। | মো: জুলফিকার আলী UYDO | [signature] ১৪/১০/২০২২ |
| ৬। | নাদিয়া আক্তার, UFPO | [signature] ১৪/১০/২২ |
| ৭। | সাইফুল ইসলাম AUSBO | [signature] ১৪/১০/২২ |
| ৮ | মোছা: তানিয়া [illegible], AEO | [signature] ১৪/১০/২২ |
| ৯। | মো: মজিবর রহমান, AICO সমবায় বিভাগ | [signature] ১৪/১০/২২ |
| ১০। | মো: মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ১১। | রফিকুল ইসলাম মাঠ সং. পল্লী উন্নয়ন সমিতি | [signature] ১৪/১০/২২ |
| ১২। | মো: হাফিজুর রহমান, UEO | [signature] |
| ১৩। | মো: [illegible] সরকার অফিস সহকারী [illegible] | [signature] ১৪/১০/২২ |
| ১৪। | মো: মাহিম আখতার. উপজেলা প্রকৌশলী | [signature] |
| ১৫। | মো: তারিকুল ইসলাম PIO | [signature] |
| ১৬। | মো: মাহবুবুল আলম সহ: প্রো: [illegible] | [signature] |
| ১৭। | মো: জিয়াউর রহমান - উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] |
| ১৮। | এস.এম. জসীম উদ্দিন, UDF-UGDP | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর অক্টোবর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৪-১০-২০২১ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১০:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক' পরিশিষ্ট - 'গ' ইউজিডিপি'র অবকাঠামো প্রকল্পের বিল পরিশিষ্ট - 'ঘ'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩০৬ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৭২০ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৭৬০ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৭ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০০ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৩৬৫ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৮৪ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। কোভিড-১৯ মোট নমুনা সংগ্রহ ২,৭৫২ জন, পরীক্ষীত ২,৭৫২ জন, অবশিষ্ট ০০ জন। করোনা পজিটিভ মোট ৭৮৪ জন, সুস্থ্য ৭৮০ জন, মৃত ১৭ জন, হোম আইসোলেশন ০৪ জন, হাসপাতাল আইসোলেশন ০০ জন। ১ম ডোজ টিকা প্রদান ৭৩,৯৬৩ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ২৭,৭৪২ জনকে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শূন্য পদে জরুরী ভিত্তিতে চিকিৎসক পদায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৪৯,৬৫৬ জন, (২) মোট গ্রহণকারী- ৩৮,৮২০ জন, (৩) খাবার বড়ি - ৭,৪৭৬ (৪) কনডম- ৬,৪৮৩ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ১,০০৩ (৬) আইইউডি- ১৮ (৭) ইমপ্ল্যানন- ৭১ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৮০০ জন (১১) ইসিপি- ৩১ (১২) মিসোপ্রোস্টল- ৭৩০ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.১৮% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে। ২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ। ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, চলতি খরিপ-২ মৌসুমের মাঠে দন্ডায়মান ফসল বিশেষ করে রোপা আমন ও শাকসব্জীর অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। এ বছর খরিপ-২ মৌসুমের রোপা আমনের আবাদ লক্ষ্যমাত্রার তুলনায় ২% বেশি হয়েছে। ইতিমধ্যে আমন কর্তণ শুরু হয়েছে। প্রাথমিকভাবে আমনের ফলন সন্তোষজনক।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রকল্পের চলতি অর্থ বছরের কর্মকান্ড বাস্তবায়ন শেষ পর্যায়ে রয়েছে। যথা সময়ে সকল কর্মকান্ড শেষ হবে মর্মে জানান। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ১,০৬৯ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ৯,৫১৭ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান =৩,৮০০টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৩০,৫০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,২৭৮ টি<br>৬। প্রশিক্ষণ = ০০<br>৭। উঠান বৈঠক = ৫ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহন কারীর সংখ্যা = ৫৯জন<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ৮টি<br>১০। দুধ উৎপাদন = ২,৩৩৭ মেঃ টনঃ<br>১১। মাংস উৎপাদন = ২৩ মেঃ টনঃ<br>১২। ডিম উৎপাদন = ০.৪৯৩৩১ টি। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসে ১৬ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০২ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। নিরাপদ মৎস্য উৎপাদনে পীরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের চাষ পুকুরে মুরগির বিষ্ঠা (লিটার) প্রয়োগ রোধে কার্যকরী পদক্ষেপ নিতে উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ৬ষ্ঠ থেকে স্নাতক পর্যন্ত যে সকল উপবৃত্তিভূক্ত ছাত্র/ছাত্রী একাউন্ট নম্বর বা অন্যান্য ভুল জনিত কারনে উপবৃত্তি পায়নি, সে সকল ভুলসমূহ সংশোধন পূর্বক যথা সময়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং ১০ম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক নির্বাচনী পরীক্ষা ২০২১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নেওয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। বেসরকারি (স্কুল, কলেজ, মাদ্রাসা কারিগরি) শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক শূন্য পদের শিক্ষক তালিকা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ১২/০৯/২০২১ খ্রি. তারিখ হতে বিদ্যালয় চালু হয়েছে। প্রতিদিন দুইটি করে ক্লাস চলমান রয়েছে। গুগল মিটের মাধ্যমে ক্লাস পরিচালনার যে নির্দেশনা ছিল তা অব্যাহত আছে। এছাড়াও পাঠ-পরিকল্পনা অনুযায়ী শিশুদের বাড়ির কাজ দেওয়া হচ্ছে। শিশুরা বাড়ির কাজ সম্পন্ন করলে শিক্ষকগণ মূল্যায়ন করতঃ শিক্ষার্থীর প্রোফাইলে সংরক্ষণ করছেন।<br>নগদের মাধ্যমে উপবৃত্তি প্রদান ও বিদ্যালয়ে ভর্তির জন্য শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদ জরুরী। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ যেন শিশুর অভিভাবকদের জন্ম নিবন্ধনের সনদ দ্রুততার সঙ্গে প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়।<br>সমাপনী পরীক্ষার নির্দেশনা এখনও পাওয়া যায় নাই। ডিআর এর সংগ্রহের কাজ চলমান রয়েছে। কেজি স্কুল, এনজিওসহ সকল বিদ্যালয়কে দ্রুত ডিআর জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে।<br>করোনা কালীন সময়েও বিভিন্ন কার্যক্রমে বিদ্যালয়ের মনিটরিং ব্যবস্থা চালু আছে। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে।<br>২০২২ শিক্ষা বর্ষের জন্য শিশু শ্রেণির বই পাওয়া গেছে।<br>পরিশেষে তিনি বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক , বিধবা ও স্বামী নিগৃহিতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাছাই কাজ চলছে । প্রতিদিন উপজেলা চেয়ারম্যান , উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ আমি ও আমার স্টাফগনসহ ইউনিয়নসমূহে গিয়ে আবেদনকারীদের বাছাই প্রক্রিয়ায় অংশ গ্রহন করছি । স্থানীয় স্বেচ্ছা সেবী সংস্থাসমূহের জন্য জাতীয় সমাজ কল্যাণ পরিষদ থেকে অনুদানের জন্য আবেদন চাওয়া হয়েছে । এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>চাল বোরো ৩৮৩৮.২৩৬ মে:টন ও খালি বস্তা ৪০,০৪৯ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল বোরো ৭৪৫.৩৪৪ মে:টন, গম ৫৯৪.৫৩৯ মে:টন ও খালি বস্তা ১০,০৩৩ খানা।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টি.আর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অশ্রয়ণ প্রকল্পে ৩৫ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ১৩০ টি। ইতোমধ্যে ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বছরের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি । বিগত মাসে ২৬ টি বর্তমান মাসে ১৬ টি মোট ৪২ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকি কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলি ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ১৬ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে অডিট ফি রাজস্ব ৬৮,৬৮০/- টাকা এবং সরকারি ভ্যাট ১০,৫০২/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৮৩,৬৫০/- টাকা ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান, জনগাঁও আশ্রয়ণ প্রকল্প ফেইজ- ২ প্রকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ আকারে বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত মোট আদায়ের পরিমাণ ৯,৭৮,২১০/- টাকা, সার্ভিস চার্জ ৭৮,৩৯০/-। আদায়ের শতকরা হার ৬৫%। তিনি বলেন, অনাদায়ী টাকা আদায়ের জোর প্রচেষ্টা চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায় ২,১৫,০৮৪/-, ক্রমপুঞ্জিত আদায় ১৪,৯৫,৫০,২০৭/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ৭,৩৫,০০০/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ১০ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৬৯,১৪,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩১৭ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৬,৬৪৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ০৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬১৬ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৮.৮৪</td><td>-</td><td>১০৬.৮২</td><td>১২৭.১৮</td><td>৮৪%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৪০.৪০</td><td>-</td><td>২৭.১৭</td><td>২৮.৬০</td><td>৯৫%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>৩.৭৫</td><td>-</td><td>১০.৩০</td><td>১৪.৩৮</td><td>৭২%</td><td>৭১</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮০%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২০৩</td><td>-</td><td>১৪৭.২৯</td><td>১৭৩.৯১</td><td>৮৬%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | এসএফপিপি, পীরগঞ্জ। |
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, ২৪২ টি সেচ যন্ত্রের মধ্যে সবগুলিই বর্তমানে সচল রয়েছে। কৃষক তাদের প্রয়োজন অনুযায়ী সেচ গ্রহণ করতে পারবে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, শারদীয় দূর্গাপূজা উপলক্ষে এ উপজেলায় ১২০ টি মন্ডপে ১৬ টি টিম দ্বারা সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। এ উপলক্ষে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা হয়েছে। ২৮ নভেম্বর ২০২১ খ্রি: তারিখে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে ফরম বিতরণ ও জমা নেওয়া হচ্ছে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন যেন অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি এজিএম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ইউজিডিপি'র অর্থায়নে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সকল কার্যক্রম বাস্তবায়ন আগামী ফেব্রুয়ারি ২০২২ খ্রি: মাসের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সুতরাং চুক্তিবদ্ধ ঠিকাদারকে জরুরী ভিত্তিতে কার্যক্রম শুরু ও সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরও জানান, উপজেলা মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহের জন্য ঠিকাদারের চুক্তির মেয়াদ ইতিমধ্যে শেষ হয়ে গেছে। যা ২০১৮-১৯ খ্রি: অর্থবছরের অর্থায়নে বাস্তবায়ন করার কথা ছিল। ইউজিডিপি'র প্রকল্প অফিস জরুরী ভিত্তিতে প্রকল্প সমাপ্তি করে বিল প্রেরণের নির্দেশনা দিয়েছেন। উপজেলা প্রকৌশলী জানান যে, ইউজিডিপি'র ৪র্থ পর্যায়ের (২০১৯-২০২০) ৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে নরমাল ডেলিভারীর মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ উপ-প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে। অত:পর তিনি উক্ত প্রকল্পের বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। প্রকল্পের বিস্তারিত বিবরণ ও বাজেট **পরিশিষ্ট "গ"**-তে দেখানো হলো। | "৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে নরমাল ডেলিভারীর মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ উপ-প্রকল্পের" বিল অনুমোদন করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী / উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২৪ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিল এডিপি ১ম+ ২য় কিস্তি এবং রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) অর্থের প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডারের প্রকল্পসমূহ **পরিশিষ্ট- "ঘ"** -তে দেখানো হলো। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, করোনাকালীন সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১০৩(৫০)

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...................................................... ।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

তারিখঃ ১৪-১০-২০২১ খ্রিঃ

## পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ খ্রিঃ মাসের সভায় অনুমোদিত ইউজিডিপি'র ৪র্থ পর্যায়ের (২০১৯-২০২০) অর্থায়নে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিলের বিবরনী নিম্নরূপঃ

| প্রকল্পের নাম | প্রকল্প নম্বর | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স ছাড়া বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্সসহ |
|---|---|---|---|---|---|---|---|
| ৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে নরমাল ডেলিভারীর মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ উপ-প্রকল্পের | INF-২০১৯-২০২০-৫৫৯৪৮২-০২ | ১১৯০৭৬৪.০০ | ১১৯০৭৬৪.০০ | ১০১৯১৯৮.০০ | ১৩৫৮৪৪.০০ | ৩৫৭২২.০০ | ১১৯০৭৬৪.০০ |
| মোটঃএগারো লক্ষ নব্বই হাজার সাতশত চৌষট্টি টাকা মাত্র | | ১১৯০৭৬৪.০০ | ১১৯০৭৬৪.০০ | ১০১৯১৯৮.০০ | ১৩৫৮৪৪.০০ | ৩৫৭২২.০০ | ১১৯০৭৬৪.০০ |

**পরিশিষ্ট - 'ঘ'**

**অক্টোবর ২০২১খ্রি: মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশঃ**

২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিল এডিপি ১ম+ ২য় কিস্তি এবং রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) অর্থের প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডারের প্রকল্পসমূহ।

**এডিপি সরকারী বরাদ্দ (১ম+২য় কিস্তি)। (প্রকল্প কমিটি)**

১। **প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে হতদরিদ্র পরিবারের আঙিনায় নলকুপ স্থাপন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মো সহিদুল ইসলাম, ৬নং ইউপি সদস্য সভাপতি প্রঃ কমিটি<br>২। মো আমিরুল ইসলাম ,৬নং ইউপি সদস্য, সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ আনোয়ার হোসেন, ভনুড়া জামে মসজিদ প্রকল্প সদস্য<br>৪। মোঃ একরামুল হক, দাখিল মাদ্রাসা প্রকল্প সদস্য<br>৫। মোঃ খয়রান আলী, ভিডিপি সদস্য প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০২। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে হতদরিদ্র পরিবারের আঙিনায় নলকুপ স্থাপন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোছাঃ শরিফা আকতার ১১নং ইউপি সদস্য সভাপতি প্রঃ কমিটি<br>২। মো আমিরুল ইসলাম ৬নং ইউপি সদস্য সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ আনোয়ার হোসেন সমাজ সেবক প্রকল্প সদস্য<br>৪। মোঃ আইনুল হক উপজেলা জামে মসজিদ প্রকল্প সদস্য<br>৫। মোঃ একরামুল আমবালা দাখিল মাদ্রাসা প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৩। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন প্রতিষ্টানে ষ্টীলের আলমারী বিতরণঃ<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোঃ দবিরউদ্দিন ১নং ইউপি সদস্য সভাপতি, প্রঃ কমিটি<br>২। মো আমিরুল ইসলাম ৬নং ইউপি সদস্য সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ আনোয়ার হোসেন সমাজ সেবক প্রকল্প সদস্য<br>৪। মোঃ আইনুল হক উপজেলা জামে মসজিদ, প্রকল্প সদস্য<br>৫। মোঃ মুনসুর আলী ,শিক্ষক, ভেলাতৈড় শহীদ মুক্তি যোদ্ধা স্কুল, প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৪। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে ষ্টীলের আলমারী বিতরণঃ<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোঃ লুৎফর রহমান ৬নং ইউপি সদস্য সভাপতি প্রঃ কমিটি<br>২। মো সহিদুল হক ৬নং ইউপি সদস্য সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ আনোয়ার হোসেন সমাজ সেবক প্রকল্প সদস্য<br>৪। মোঃ আইনুল হক ইমাম, উপজেলা জামে মসজিদ প্রকল্প কমিপি<br>৫। মোঃ মুনসুর আলী শিক্ষক, আমবালা দাখিল মাদ্রাসা, প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৫। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে হতদরিদ্র পরিবারের আঙিনায় নলকুপ স্থাপন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। শ্রী সুকুমার রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান, সভাপতি প্রঃ কমিটি<br>২। ভারতী রাণী রায়,মহিলা ভাইস চেয়ারম্যান সম্পাদক প্রঃ কঃ<br>৩। অবেন্দ্র নাথ রায়,শিক্ষক, দূর্গাপুর সঃপ্রাঃবিঃ, প্রকল্প সদস্য<br>৪। বিভুতি কুমার রায়, সাবেক অধ্যক্ষ, মহিলা কলেজ প্রকল্প সদস্য<br>৫। মোঃ আব্দুর নুর, ইমাম, প্রকল্প সদস্য<br>৬। অবিনাষ চন্দ্র রায়, পুরোহিত, প্রকল্প সদস্য<br>৭। মোঃ নজরুল ইসলাম বিডিপি সদস্য, প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৬। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে হতদরিদ্র পরিবারের আঙিনায় নলকুপ স্থাপন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। ভারতী রাণী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, সভাপতি প্রঃ কমিটি<br>২। শ্রী সুকুমার রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান সম্পাদক প্রঃ কঃ | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | ৩। সলেমতুল্লা, শিক্ষক, প্রকল্প সদস্য<br>৪। ধর্মরাম প্রধান, সমাজ সেবক, প্রকল্প সদস্য<br>৫। পরিমল চন্দ্র, গন্যমান্য, প্রকল্প সদস্য<br>৬। গোলেনুর বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, প্রকল্প সদস্য | | |
| | | ১২,০০,০০০/- | |
| | **এডিপি সরকারী বরাদ্দ (১ম+২য় কিস্তি) (টেন্ডার) ।** | | |
| | **১নং ভোমরাদহ ইউনিয়নঃ** | | |
| ১। | রাধিকাপুর ইউপি সচিব সাজ্জাদের বাড়ীর রাস্তায় এইচবিবিকরণ। | ১,২৫,০০০/- | টেন্ডার |
| ২। | ছিট রাধিকাপুর হিন্দুপাড়ার রাস্তায় এইচ বিবিকরণ। | ১,২৫,০০০/ | টেন্ডার |
| ৩। | উত্তর জনগাঁও মহসিন পাড়া জামে মসজিদের টয়লেট নির্মাণ | ১,০০,০০০/ | টেন্ডার |
| ৪। | রাধিকাপুর মসর মেম্বারের মসজিদের টয়লেট নির্মাণ | ১,০০,০০০/ | টেন্ডার |
| ৫। | জনগাও উচ্চ বিদ্যালয়ের গেটের পাল্লা তৈরী করণ। | ৫০,০০০/ | টেন্ডার |
| ৬। | সেনুয়া নাপিতপাড়া নাজিরের মসজিদে ওজুখানা নির্মান। | ১,৪৫,০০০/ | টেন্ডার |
| | মোট = | **৬,৪৫,০০০/-** | |
| | **২নং কোষারাণীগঞ্জ ইউনিয়নঃ** | | |
| ৭। | দক্ষিণ আকাশীল মোড় হতে উত্তর আজিমুলের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ | ১,২৫,০০০/- | টেন্ডার |
| ৮। | গড়ুরা পন্ডিত পাড়া রাস্তায় এইচবিবিকরণ | ১,২৫,০০০/- | টেন্ডার |
| ৯। | কোষাডাঙ্গীপাড়া আগা পাড়া জামে মসজিদে টয়লেট নির্মাণ | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ১০। | কোষাডাঙ্গী পাড়া মাদ্রাসার টিন সরবরাহ করন। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| | মোট = | **৫,৫০,০০০/-** | **টেন্ডার** |
| | **৬নং পীরগঞ্জ ইউনিয়নঃ** | | |
| ১১। | মছলন্দপুর লক্ষিবাবু মেম্বারের বাড়ীর রাস্তায় এইচবিবিকরণ। | ২,০০,০০০/- | টেন্ডার |
| ১২। | বিশমাইল পাখরতলা মসজিদের অজুখানা নির্মাণ | ১,৪৫,০০০/ | টেন্ডার |
| ১৩। | ভাকুড়া ৩নং ওয়ার্ডের জামিলের বাড়ী হতে কশিরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ২,৪৬,৮০০/- | টেন্ডার |
| ১৪। | ০১নং ওয়ার্ড দূর্গাপুর প্রধানপাড়া বিনয়ের বাড়ী হতে প্রিন্সিপাল এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ১৫। | নারায়নপুর গোয়ালপাড়া মেম্বারপাড়া জামে মসজিদ থেকে দক্ষিনে ব্রীজ পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ১,০০,০০০/- | টেন্ডার |
| | সর্বমোট = | **৭,৯১,৮০০/-** | **টেন্ডার** |
| | **৭নং হাজিপুর ইউনিয়নঃ** | | |
| ১৬। | সাটিয়া উচ্চ বিদ্যালয়ের ঘর (শ্রেণীকক্ষ ও বারান্দা) মেরামত। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ১৭। | ক্ষিদ্র গড়গাঁও মৌজার রহমান মাওলানার বাড়ীর রাস্তায় এইচবিবিকরণ। | ১,৭৫,০০০/- | টেন্ডার |
| | সর্বমোট = | **২,৭৫,০০০/-** | **টেন্ডার** |
| | **৮নং দৌলতপুর ইউনিয়নঃ** | | |
| ১৮। | মল্লিকপুর রহিমা আসির নুরানী মাদ্রাসার টয়লেট নির্মাণ | ১,০০,০০০/ | টেন্ডার |
| ১৯। | আসাদুল্লাহ নুরানী মাদ্রাসায় টয়লেট নির্মাণ । | ১,০০,০০০/ | টেন্ডার |
| ২০। | মল্লিকপুর খ্যাতি সরকারপাড়া মসজিদের পার্শে পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | ১,৫০,০০০/ | টেন্ডার |
| | মোট = | **৩,৫০,০০০/-** | **টেন্ডার** |
| | **৯নং সেনগাঁও ইউনিয়নঃ** | | |
| ২১। | (১) বেলসুয়া যদুরাম নব সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে রাস্তায় ইউড্রেন নির্মাণ | ১,০০,০০০/- | টেন্ডার |
| ২২। | (২) উপদইল দবিড় পাড়া জামে মসজিদের টয়লেট নির্মাণ | ১,০০,০০০/- | টেন্ডার |
| ২৩। | (৩) সেনগাঁও মৌজার খলিল হাজীর বাড়ী হতে ফুটকী বাড়ী রাস্তা এইচবিবিকরণ । | ২,০০,০০০/- | টেন্ডার |
| | সর্বমোট = | **৪,০০,০০০/-** | |
| | **১০নং জাবরহাট ইউনিয়নঃ** | | |
| ২৪। | এসকে বালিকা উচ্চ বিদ্যালয়ের সাইকেল ষ্ট্যান্ড নির্মাণ । | ১,২৫,০০০/- | টেন্ডার |
| ২৫। | ভারতী রাণী মহিলা ভাইস চেয়ারম্যান এর বাড়ীর সামনে বিদ্যুতের পিলার হতে পবিরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ । | ৩,০০,০০০/- | টেন্ডার |
| | মোট = | **৪,২৫,০০০/-** | |
| | **১১নং বৈরচুনা ইউনিয়নঃ** | | |
| ২৬। | পশ্চিম ভবানীপুরে জমিরের বাড়ীর রাস্তায় ০২ টি ইউড্রেন নির্মাণ | ২,০০,০০০/- | টেন্ডার |
| ২৭। | রামনা চান্দোহর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর বারান্দা নির্মাণ | ১,৫০,০০০/- | টেন্ডার |

| | | | |
|---|---|---|---|
| ২৮। | রাণীঘাট বেলডাঙ্গী হাফেজিয়া মাদ্রাসার গেট নির্মাণ। | ২,১৭,৫০০/- | টেন্ডার |
| | মোট = | ৫,৬৭,৫০০/- | টেন্ডার |
| | | ৪০,০৪,৩০০/- | |
| | ০.৫০% আনুসংঙ্গিক | **২৫,০০০/-** | **ভাউচার** |
| | **রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) (প্রকল্প কমিটি) ।** | | |
| ০১। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান (স্কুল/ক্লাবে খেলাধুলার সামগ্রী বিতরণঃ<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোঃ আনছারুল হক ১নং ইউপি সদস্য সভাপতি প্রঃ কমিটি<br>২। মো দবিরউদ্দিন ১নং ইউপি সদস্য সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ আনোয়ার হোসেন সমাজ সেবক প্রকল্প সদস্য<br>৪। মোঃ আইনুল হক উপজেলা জামে মসজিদ প্রকল্প সদস্য<br>৫। মোঃ মুনসুর আলী শিক্ষক ভেলাতৈড় শহীদ মুক্তিযোদ্ধা স্কুল, প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০২। | পীরগঞ্জ উপজেলার প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে হুইল চেয়ার বিতরন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোঃ আমিরুল ইসলাম, ইউপি সদস্য, ৬নং পীরগঞ্জ ইউপি, প্রকল্প সভাপতি।<br>২। মোঃ শহিদুল ইসলাম, ইউপি সদস্যা, ৬নং পীরগঞ্জ ইউপি, প্রকল্প সেক্রেটারী।<br>৩। মোঃ, আনোয়ার হোসেন, সমাজ সেবক, ভাকুড়া,, প্রকল্প সদস্য।<br>৪। মোঃ আবু রায়হান, ইমাম, ভাকুড়া বনপাড়া জামে মসজিদ, প্রকল্প সদস্য।<br>৫। মোঃ খয়রাত আলী, ভিডিপি সদস্য , বীরহলী, প্রকল্প সদস্য। | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৩। | পীরগঞ্জ উপজেলার দুস্থঃ মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ/বিতরণ।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোছাঃ নুরজাহান ৬নং ইউপি সদস্য সভাপতি প্রঃ কমিটি<br>২। মো সহিদুল হক ৬নং ইউপি সদস্য সম্পাদক প্রঃকঃ<br>৩। মোঃ মাজিদুর রহমান সমাজ সেবক প্রকল্প সদস্য<br>৪। মোঃ আইনুল হক উপজেলা জামে মসজিদ প্রকল্প সদস্য<br>৫। মোঃ একরামুল আমবালা দাখিল মাদ্রাসা প্রকল্প সদস্য | ১,৫০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৪। | পীরগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে হতদরিদ্র পরিবারের আঙিনায় নলকুপ স্থাপন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। গোলেনুর বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, সভাপতি প্রঃ কমিটি<br>২। আজবালা, ইউপি সদস্য, ১০নং জাবরহাট সম্পাদক প্রঃ কঃ<br>৩। মোঃ শরিফুল ইসলাম, গন্যমান্য, প্রকল্প সদস্য<br>৪। মোঃ মঞ্জুর আলম, শিক্ষক, প্রকল্প সদস্য<br>৫। মোঃ গোলাম আজম, ইমাম, প্রকল্প সদস্য<br>৬। মোঃ মহিম উদ্দিন, ভিডিপি সদস্য, প্রকল্প সদস্য | ১,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| ০৫। | ৭নং হাজিপুর ইউনিয়নের সিংগারোল দহগাঁহ রাস্তা হতে হাজিপুর এফডাব্লিউসি রাস্তার ভাংগন রক্ষার্থে গাইডওয়াল নির্মান।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। মোঃ সমসের আলী, ইউপি সদস্য ৩নং সেনগাঁও, সভাপতি প্রঃ কমিটি<br>২। মোঃ সহিদুল হক, ইউপি সদস্য, সম্পাদক প্রঃ কঃ<br>৩। আনোয়ার হোসেন, সমাজ সেবক, প্রকল্প সদস্য<br>৪। মোঃ খয়রাত আলী, ভিডিপি প্রকল্প সদস্য<br>৫। মোঃ মুনসুর আলী, শিক্ষা প্রকল্প সদস্য | ২,০০,০০০/- | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| | সর্বমোট = | **৮,৫০,০০০/-** | |
| | **রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) (টেন্ডার) ।** | | |
| | **৩নং খনগাঁও ইউনিয়নঃ** | | |
| ১। | বনবাড়ী হরিবাসর মন্দিরের টয়লেট নির্মাণ | ১,০০,০০০/- | টেন্ডার |
| ২। | চাঁদগাও নব সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাশের মসজিদের ওজুখানা নির্মাণ | ১,৪৫,০০০/- | টেন্ডার |
| ৩। | চাপাপাড়া নকসাবন্দী মসজিদের পার্শ্বে পুকুরে প্যালাসাইডিং নির্মাণ | ১,০০,০০০/- | টেন্ডার |
| ৪। | লোহাগাড়া বাজারের পার্শ্বে তালিমুল কোরআন নুরানী মাদ্রাসার টয়লেট নির্মাণ | ১,০০,০০০/- | টেন্ডার |
| ৫। | দখিণ চাপাপাড়া মসজিদের অজুখানা নির্মাণ | ১,৪৫,০০০/- | টেন্ডার |
| ৬। | চাদপুর ঈদগাহ বস্তি বাইতুল কারিম মসজিদের অজুখানা নির্মাণ | ১,৪৫,০০০/- | টেন্ডার |
| ৭। | উজ্জলকোঠা উচ্চ বিদ্যালয়ের সিলিং মেরামত (৩ রুম) | ১,৫৬,৭৫৮/- | টেন্ডার |

| | | | |
|---|---|---|---|
| ৮। | শিমুলবাড়ী নতুন মসজিদের অজুখানা নির্মাণ | ১,৪৫,০০০/- | টেন্ডার |
| ৯। | চাঁদগাঁও পুরাতন জামে মসজিদের অজুখানা নির্মাণ। | ১,৪৫,০০০/- | টেন্ডার |
| | মোট = | ১১,৮১,৭৫৮/- | |
| | **৫নং সৈয়দপুর ইউনিয়নঃ** | | |
| ১০। | মাছ খুড়িয়া হারুনের বাড়ীর রাস্তায় পুকুরে প্যালাসাইডিং নির্মাণ | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ১১। | ভাদুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাইকেল স্ট্যান্ড নির্মাণ। | ১,২৫,০০০/- | টেন্ডার |
| ১২। | কালুপীর বাজারের উত্তর পার্শ্বে শিবপুরে দেবেন এর বাড়ীর পার্শ্বে পুকুরে প্যালাসাইডিং নির্মাণ | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ১৩। | ঝলঝলি বাজার জামে মসজিদের টয়লেট নির্মাণ। | ১,০০,০০০/- | টেন্ডার |
| ১৪। | পানিহাটা বেলশরি মন্দির এর রাস্তায় এইচবিবিকরণ। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| ১৫। | ছোট বেগুনবাড়ী সাবিয়া সুলতানা শিক্ষিকার বাড়ীর রাস্তায় পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | ১,৫০,০০০/- | টেন্ডার |
| | মোট = | ৮,২৫,০০০/- | |
| | সর্বমোট = | ২০,০৬,৭৫৮/- | |
| | ০.৫০% আনুসংঙ্গিক | ১৪,০০০/- | ভাউচার |

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সুরক্ষার জন্য উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট ও সীমানা প্রাচীর নির্মান কাজ বাস্তবায়নের জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা মহোদয়ের দপ্তরীয় স্মারক নং ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-৬৪৫, তারিখঃ ২৬/-৮/২০১৯খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট নির্মান কাজ বাস্তবায়নের জন্য = ২১,২৬,৫২০/- টাকার প্রাক্কলণ প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিষদের অনুমোদনের পর প্রাক্কলণ সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরন করা আবশ্যক।

অত্র উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়াটার গুলি দীর্ঘ ৫/৬ বৎসর যাবৎ কোন সরকারী বরাদ্দ না পাওয়ায় মেরামত ও সংস্কারের অভাবে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। কোয়াটারগুলি বসবাসের উপযোগী করার জন্য ২০২১-২২খ্রিঃ অর্থ বছরে সরকারী বরাদ্দের জন্য মোট = ৩৫,০০,০০০/- টাকার প্রাক্কলণ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। প্রাক্কলণ অনুমোদিত হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবরে অর্থ বরাদ্দের জন্য প্রেরণ করা হবে।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৪র্থ পর্যায়ের একটি অবকাঠামো উন্নয়ন প্রকল্প, যাহার প্যাকেজ নং- e-Tender/INF-2019-20-559482-02 এর কাজের নামঃ ০৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রে নরমাল ডেলিভারীর মেডিক্যাল যন্তপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ এর কাজ ঠিকাদার শ্রী দুলাল চন্দ্র মহন্ত, পাবর্তীপুর. দিনাজপুর উপ-প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করেছেন। বিধি মোতাবেক মেডিক্যাল যন্তপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চুড়ান্ত বিলের আবেদন করেছেন। সংশ্লিষ্ট ঠিকাদারকে চুড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী নিম্নে পেশ করা হলো।

| প্রকল্পের নাম | প্রকল্প নং/ প্যাকেজ নং | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স বাদে নীট বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|---|---|
| ০৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রে নরমাল ডেলিভারীর মেডিক্যাল যন্তপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ | INF-2019-20-559482-02 | ১১৯০৭৬৪.০০ | ১১৯০৭৬৪.০০ | ১০১৯১৯৬.০০ | ১৩৫৮৪৫.০০ | ৩৫৭২৩.০০ | ১১৯০৭৬৪.০০ |
| **মোট = ১১,৯০,৭৬৪.০০ (এগার লক্ষ নব্বই হাজার সাতশত চৌষট্টি)** | | | | | | | |

ভ্যাট বাবদ, (অংশ-১) এর ৫,৭০,২৪২.০০ টাকার ৭.৫০% = ৪২,৭৭১.০০
এবং (অংশ-২) এর ৬,২০,৪৯০.০০ টাকার ১৫% = ৯৩,০৭৪.০০
**মোট = ১,৩৫,৮৪৫.০০**

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৪র্থ পর্যায়ের একটি অবকাঠামো উন্নয়ন প্রকল্প, যাহার প্যাকেজ নং- e-Tender/INF-2019-20-559482-04 এর কাজের নামঃ ৭নং হাজিপুর ও ১১নং বৈরচুনা ইউনিয়নে স্ট্রীট সোলার প্যানেল স্থাপন কাজ ঠিকাদার নির্মাতা কৌশলী, ১০৫, রহমতউল্লাহ রোড, ফারাকপুর, ভেড়ামারা, কুষ্টিয়া উপ-প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করেছেন। বিধি মোতাবেক স্ট্রীট সোলার প্যানেল স্থাপন করতঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চূড়ান্ত বিলের আবেদন করেছেন। সংশ্লিষ্ট ঠিকাদারকে চূড়ান্তবিল প্রদান করা প্রয়োজন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী নিম্নে পেশ করা হলো।

| প্রকল্পের নাম | প্রকল্প নং/ প্যাকেজ নং | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স বাদে নীট বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|---|---|
| ৭নং হাজিপুর ও ১১নং বৈরচুনা ইউনিয়নে স্ট্রীট সোলার প্যানেল স্থাপন | INF-2019-20-559482-04 | ৯,৯৮,৫৫০.০০ | ৯,৯৮,৫৫০.০০ | ৮,৯৩,৭০১.০০ | ৭৪,৮৯২.০০ | ২৯,৯৫৭.০০ | ৯,৯৮,৫৫০.০০ |
| মোট = ৯,৯৮,৫৫০.০০ (নয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত পঞ্চাশ) | | | | | | | |

তিনি আরও জানান, উপজেলা পরিষদের পুরাতন ভবনের পল্লী দারিদ্র ফাউন্ডেশন অফিস মেরামত বাবদ = ১১,৫০০.০০ টাকা এবং উপজেলা পরিষদ চত্বরে ছায়ানীড় ভবনের পানির লাইন ও পাম্প মেশিন মেরামত বাবদ = ৩,৫০০.০০ টাকা সর্বমোট = ১৫,০০০.০০ টাকা খরচ হয়েছে, যাহা উপজেলা রাজস্ব তহবিল হতে সমন্বয় ও অনুমোদনের জন্য ভাউচার উপস্থাপন করেন।